

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের ফটোকপি।
২। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ফটোকপি।
৩। পূর্বানুমোদিত দরের ফটোকপি।
৪। প্রাক্কলন।

বিষয়ঃ “Maintenance, Monitoring and Repairing of 150 Nos. Gas Chlorination System under Dhaka WASA” কাজ প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং - ০১ হতে ০৪ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস.ও.সি বিভাগ ঢাকা ওয়াসা’র একটি গুরুত্বপূর্ণ বিভাগ। অত্র বিভাগের মাধ্যমে ঢাকা ওয়াসার অধীনে ঢাকা শহরে স্থাপিত বিভিন্ন পানির পাম্পে ক্লোরিনেশন সিস্টেম স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। গভীর নলকূপ থেকে উৎপাদিত পানি ক্লোরিনেশন কার্যক্রমের আওতায় নিয়ে আসার লক্ষ্যে ২৪ ঘন্টা এস ও সি বিভাগ নিয়োজিত রয়েছে। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ৯১৬ টি কম্পাউন্ডে ১৩৩৫ টি পানির পাম্প রয়েছে। এইসব পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। গভীর নলকূপ হতে গ্রাহকের রিজার্ভার পর্যন্ত পানি জীবানু দ্বারা আক্রান্ত হতে না পারে সেজন্য উৎপাদিত পানি সরবরাহের পূর্বে জীবাণুমুক্ত করা হয়। এজন্য ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিস্টেম স্থাপন করতে হয়। বর্তমানে ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ৯৩৬ টি পাম্পে ক্লোরিনেশন সিস্টেম রয়েছে এবং এস.ও.সি বিভাগের আওতায় প্রায় ৬৮৪ টি পাম্পে ক্লোরিনেশন সিস্টেম রয়েছে। বিভাগীয় লোকবল দ্বারা সকল ক্লোরিনেশন সেটসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ, ক্লোরিন সিলিন্ডার প্রতিস্থাপন, ক্লোরিন লিকেজ মোকাবেলা ইত্যাদি কাজ করা হচ্ছে। ক্লোরিনেশন সিস্টেম রক্ষণাবেক্ষণ কাজের জন্য মোট ৪ টি টীম রয়েছে, যার মধ্যে ২ টি টীম ২ টি সাব-ডিভিশনের আওতায় রয়েছে। মডস জোন-৯ ও মডস জোন-১০ এর অফিস কম্পাউন্ড হতে ২ টি টীম পরিচালিত হচ্ছে। অপর ২ টি টীম এস.ও.সি কম্পাউন্ড হতে তদারকি করা হচ্ছে। ক্লোরিন সিস্টেম রক্ষণাবেক্ষণ কাজের জন্য প্রয়োজনীয় মালামালসমূহ সংগ্রহ বিভাগ -১ ও সংগ্রহ বিভাগ-২ এর মাধ্যমে ক্রয় কর্য সম্পন্ন করা হয়। এছাড়া কিছু খুচরা যন্ত্রাংশ (Local) এসওসি বিভাগ হতে ক্রয় করা হয়।

০২। এস.ও.সি বিভাগের আওতাধীন ১৫০ টি ক্লোরিনেশন সিস্টেম চালু রাখতে বিভাগীয় প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট তথা ক্লোরিন পিক-আপ, গাড়ীচালক ও ক্লোরিন কাজে দক্ষ লোকবলের প্রয়োজন হয়। এস.ও.সি বিভাগের জনবলের ঘাটতি থাকায় এস.ও.সি বিভাগের আওতাধীন ক্লোরিনেশন সিস্টেম রক্ষণাবেক্ষণ কাজ সঠিকভাবে পরিচালনা করা যায় না। তাই শুরুর মৌসুমে ১৫০ টি ক্লোরিন সেটের রক্ষণাবেক্ষণ কাজ ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। ঢাকা ওয়াসার সরবরাহকৃত পানিতে ক্লোরিন ডোজিং নিশ্চিত করা গেলে গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধি পাবে। তাই পূর্বানুমোদিত দরের ভিত্তিতে ৫ মাসের জন্য এসওসি বিভাগের আওতাধীন পুরোনো ১৫০ টি ক্লোরিন সেট রক্ষণাবেক্ষণ কাজের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করে উপস্থাপন করা হল। যাতে টাকার পরিমাণ টাঃ ২,৯২৩,৫০০.০০ (টাকা উনত্রিশ লক্ষ তেইশ হাজার পাঁচশত) মাত্র।

০৩। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় “ক্লোরিন সিস্টেম মেইনটেনেন্স” কোড নং-০১-০৪-০২০ খাত হতে নির্বাহ করা হবে যা ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার SL No. ২৭ এবং Package No: WCSM-১ এ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-২)। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসার DOFP অনুযায়ী আলোচ্য কাজটি অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

০৪। এমতাবস্থায়, ঢাকা মহানগরীতে বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিতকল্পে এবং বিভাগীয় কাজের স্বার্থে ঢাকা ওয়াসার আওতাধীন এসওসি বিভাগের অধীনে Maintenance, Monitoring and Repairing of 150 Nos. Gas Chlorination System under Dhaka WASA শীর্ষক কাজ বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাবসমূহ অনুমোদন দেয়া যেতে পারেঃ

(ক) বর্ণিত কাজ বাস্তবায়নের জন্য প্রস্তাবিত প্রাক্কলন টাঃ ২৯,২৩,৫০০.০০ (টাকা উনত্রিশ লক্ষ তেইশ হাজার পাঁচশত) মাত্র এর আর্থিক কারিগরী ও প্রশাসনিক অনুমোদন।

(খ) PPA-২০০৬ এবং PPR-২০২৫ এর ধারা ৭৮ মোতাবেক Open Tendering Method (OTM) এর মাধ্যমে দরপত্র আহ্বানের অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

মোঃ হাসিব কবির
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

মোঃ মাহবুব আলম আল আজাদ
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

শওকত আহম্মদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

মোঃ মিজানুল হক
(যুগ্মসচিব)
উপব্যবস্থাপনা পরিচালক (সহ)
ঢাকা ওয়াসা।

উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।